দৈনিক ইনকিলাব

তারিখ JAN 5. 1999
পৃষ্ঠা ... কলাম ...

# বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড

**বখশিবাজার, ঢাকা-১২১১**

**ইবতেদায়ী স্তরের সকল পাঠ্যপুস্তক সংক্রান্ত**

## বিজ্ঞপ্তি

নং-পাঠ্য/১২৭০১/১৬ তারিখ ঃ ৩১-১২-১৯৯৮

এতদ্বারা বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ডের অধীনে সকল মাদ্‌রাসা প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাইতেছে যে, অত্র বোর্ডের ১৯৯৮ সাল পর্যন্ত ১ম শ্রেণী হইতে ৫ম শ্রেণী পর্যন্ত সকল অনুমোদিত পাঠ্যপুস্তকের প্রকাশনা ইতিপূর্বেই বাতিল করা হইয়াছে। বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড ১৯৯৯ সাল হইতে প্রচলনের লক্ষ্যে ১ম শ্রেণী হইতে ৫ম শ্রেণী পর্যন্ত নতুন ৩৪টি একক পাঠ্যপুস্তক প্রকাশনা ও বাজারজাত করার যাবতীয় কার্যক্রম গ্রহণ করিয়াছে। যথাশীঘ্র সম্ভব নতুন বইগুলি প্রকাশকদের মাধ্যমে নির্ধারিত মূল্যে বাজারজাত করার ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

এমতাবস্থায় বোর্ড কর্তৃক ১৯৯৯ সালের জন্য প্রকাশিতব্য নতুন পাঠ্যপুস্তক ব্যতীত পূর্বের অথবা অন্য কোন পুস্তক পাঠ্য তালিকাভুক্ত না করিবার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হইল।

বোর্ডের নির্ধারিত পাঠ্যপুস্তক ব্যতীত অন্য কোন পুস্তক পাঠ্য তালিকাভুক্ত করিলে ঐ সকল মাদ্‌রাসার অনুমতি/স্বীকৃতি প্রত্যাহারসহ সরকারী অনুদান বন্ধ করিবার ব্যবস্থা গ্রহণ করা হইবে।

মোঃ মিজানুর রহমান
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

পি-১৬/৯৯